
নুটবিহারী বন্দ্যোপাধ্যায়কে লেখা

41, Mirzapur Street

Calcutta.... 194

কল্যাণবরেষু,

নুট, সিলেট থেকে লিখিত চিঠি বোধ হয় পেয়েছ। আমি ৩ দিন হল সিলেট থেকে ফিরেছি।

সেখানে খুব আমোদ হল। মুরারিচাঁদ কলেজের ছেলেরা নিয়ে গিয়ে অভিনন্দন দিলে। সুপ্রভা এখানকার গবর্নমেন্টের মেয়ে কলেজের প্রিন্সিপাল—তার বাড়িতে দুদিন চা খাবার নিমন্ত্রণ করলে। বেশ ভালো জায়গা সিলেট।

আজ শান্ত যাচ্ছে। আমি Easter -এর ছুটিতে 4th April ঘাটশিলায় পৌঁছবো। খুব সম্ভব দিনেই পৌঁছবো। নয় তো রাতে ২টার সময়, ট্রেনে যেন লোক থাকে। এখানে সব ভালো। তোমার বৌদিদির শরীর এখন ভালো। বাঁশবেড়েতে সভায় যাওয়ার কথা ছিল। কিন্তু রবিবারে পাকিস্তান দিবস উপলক্ষে যদি কোনো হাঙ্গামা হয়, সেজন্য তারা এসে বারণ করে গেল।

তোমরা আমার আশীর্বাদ নিয়ো। বৌমাকে জানিও। গুটিকে কেমন আছে? তাদের বাড়ির সব ভালো। ইতি—

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়